



মেল মেলেটি মন্দ্রপুরের জন্য প্রতিষ্ঠিত
যায়যায়দি

১৯৮৪ খ্রিষ্টাব্দ

২৪-০২-২০২৫, পৃষ্ঠা-১৫



একুশে পদক পাওয়া অন্নর সহ-প্রতিষ্ঠাতা রিফাত নবীকে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে সংবর্ধনা

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে, বিভাগের প্রাক্তন শিক্ষার্থী 'রিফাত নবী'কে কম্পিউটারে বাংলা লেখার কিবোর্ড 'অন্ন'-এর সহ-প্রতিষ্ঠাতা হিসেবে বাংলাদেশের জাতীয় পদক, 'একুশে পদক' অর্জন করায় সংবর্ধনা দেওয়া হয়েছে। ২০ ফেব্রুয়ারি বিকালে বিশ্ববিদ্যালয়ের 'মঙ্গুর এলাহী' মিলনায়তনে এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড.

মোহাম্মদ ফরাসউদ্দিন। সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম আশিক মোসাদ্দিক। অনুষ্ঠানে রিফাত নবীকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্মাননা স্মারক হিসেবে ল্যাপটপ কম্পিউটার উপহার দেওয়া হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠর অধ্যাপক আনিসুর রহমান এবং কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপার্সন ড. মাহিন ইসলাম। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, শিক্ষক, কর্মকর্তা এবং শিক্ষার্থীরা অনুষ্ঠানে অংশ নেন। সংবাদ বিজ্ঞপ্তি